লেন্স এশিয়া

৫ এপ্রিল, ২০২৬

# দেশজুড়ে টানা ৩৭ দিন সম্পূর্ণ ইন্টারনেট ব্ল্যাকআউটে ইরান



ইরানের রাজধানী তেহরান। ছবি: সংগৃহীত

ইরানে দীর্ঘ সময় ধরে চলা ইন্টারনেট বন্ধ বিশ্বে নতুন রেকর্ড তৈরি করেছে বলে জানিয়েছে ইন্টারনেট পর্যবেক্ষণ সংস্থা নেটব্লকস।

সংস্থাটির তথ্যমতে, দেশজুড়ে চলমান এই সম্পূর্ণ ইন্টারনেট বিচ্ছিন্নতা এখন পর্যন্ত যেকোনো দেশের তুলনায় সবচেয়ে দীর্ঘস্থায়ী। টানা ৩৭ দিন বা প্রায় ৮৬৪ ঘণ্টা ধরে চলা এই পরিস্থিতি আগের সব জাতীয় পর্যায়ের ইন্টারনেট বন্ধের রেকর্ডকে ছাড়িয়ে গেছে।

নেটব্লকস আরও জানায়, বিভিন্ন দেশে আগে আংশিক বা নির্দিষ্ট অঞ্চলে দীর্ঘ সময় ইন্টারনেট বন্ধ থাকলেও, পুরো দেশজুড়ে এত দীর্ঘ সময় সম্পূর্ণ সংযোগ বিচ্ছিন্ন থাকার ঘটনা এটিই প্রথম।

এদিকে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, এই দীর্ঘমেয়াদি বিচ্ছিন্নতার কারণে ইরানের সাধারণ মানুষ কার্যত বিশ্বের বাইরের যোগাযোগ ব্যবস্থা থেকে প্রায় সম্পূর্ণভাবে আলাদা হয়ে পড়েছেন।

LENS ASIA